


একদিন, লাল বলটা ছুড়ে মজা করে খেলছিলো লোকা আর দাশা।  
রাস্তায় টুংটাং শব্দে ছুটে চলছিলো নানান রঙের রিকশাগুলো।  
খেলতে খেলতে লাল বলটা হঠাৎ একটা রিকশায় গিয়ে  
পড়লো। মানুষ যেখানে পা রেখে বসে সেখানে।  
কোনো কিছু বোঝার আগেই আচমকা সেই  
রিকশায় এক লোক উঠে পড়লো। চলতে শুরু  
করলো রিকশা। লোকা-দাশা অবাক হয়ে  
চেয়ে রইলো সেদিকে।




কিছুদূর যাওয়ার পর রিকশা থেকে নামলো সেই লোকটা। পায়ের সাথে  
লেগে বলটা গড়িয়ে পড়লো রাস্তায়। গড়াতে গড়াতে চলে গেলো রাস্তার  
অপর পাশে। সেখান দিয়ে যাচ্ছিলো ছোট্ট একটি ছেলে, ওর মায়ের হাত  
ধরে। বলটা কুড়িয়ে পেলো সে।

‘ছি ছি! ফেলে দাও ওটা। কী ময়লা একটা বল! তোমাকে নতুন একটা কিনে  
দেবো আমি।’—বললো ছোট্ট ছেলেটির মা। হাত ধরে টেনে নিয়ে গেলো  
ওকে সেখান থেকে।



সামনে ছিলো নদী। নদীর ওপর ব্রিজ। লোকজন চলাফেরা করছিলো সেখানে।  
ছেলেটি বলটা ছুড়ে মারলো ব্রিজের ওপর। মানুষের পায়ে লেগে বল চলে  
গেলো আরও সামনে। তারপর টুপ করে পড়ে গেলো নদীতে।

নদীতে ভেসে ভেসে চলতে লাগলো লোকা-দাশার লাল বলটা।



এদিকে মন খারাপ করে ফুটপাথে বসে আছে দুই বেড়াল। রাস্তার দিকে চোখ।

‘কোনো কিছু হারিয়ে গেলে কী করতে হয়, দাশা?’ জানতে চাইলো লোকা।

‘উমম...শুনেছিলাম কিছু একটা পড়তে হয়।’ দাশা বললো।

‘কী সেটা?’

‘ইন্সালিগ্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।’

‘মানে?’

‘মানে নিশ্চয়ই আমরা আল্লাহর কাছ থেকে এসেছি। আর তাঁর কাছেই ফিরে যাবো।’



ওদিকে কী হলো, মাছ ধরার জন্য নদীতে জাল ফেলেছিলো এক জেলে।  
জালটা নৌকায় তুলে দেখে অনেকগুলো ছোট ছোট মাছ। সাথে লাল রঙের  
একটা বল। নিজের ছেলের জন্য বলটা বাড়ি নিয়ে গেলো জেলে।

